

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ।
shalla.sunamganj.gov.bd

স্মারক নং:-০৫.৪৬.৯০৮৬.০০০.০৫.০০১.২০১৬-৫২৭

তারিখ ২৪ নভেম্বর ২০২১ খ্রি:
০৯ অগ্রাহায়ন ১৪২৮ বাংলা

নিয়োগ বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলাধীন ০১ নং আটগাঁও ইউনিয়ন পরিষদে পদোন্নতির মাধ্যমে দফাদার ও শূন্যপদে মহল্লাদার অস্থায়ী ভাবে লোক নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের উল্লিখিত ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। দরখাস্ত সমূহ নিম্ন বর্ণিত সময়সূচি ও শর্তসাপেক্ষে সরাসরি অথবা ডাকযোগে অথবা ই-মেইলে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেওয়া যাবে।

ইউনিয়নের নাম	পদের নাম ও সংখ্যা	মাসিক বেতন (সর্ব সাকুল্যে)	বয়সের সময়সীমা	শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক মাপ
আটগাঁও	দফাদার-০১ মহল্লাদার-০১	দফাদার: সরকারি অংশ- ৩৫০০/- ইউপি অংশ- ৩৫০০/- মোট ৭,০০০/- মহল্লাদার: সরকারি অংশ-৩২৫০/- ইউপি অংশ ৩২৫০/- মোট ৬৫০০/-	দফাদার: বয়স শিথিলযোগ্য মহল্লাদার: অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর	শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে সর্বনিম্ন অষ্টম শ্রেণী উত্তীর্ণ কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। দফাদার: মহল্লাদার পদে কমপক্ষে সাত বছরের চাকুরীর অভিজ্ঞতা। মহল্লাদার: শারীরিক যোগ্যতা:- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে (ক) সর্ব নিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি। (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্ব নিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে: (ক) সর্ব নিম্ন উচ্চতা ৫ ফুট (খ) সর্বনিম্ন বুকের মাপ ৩৮ (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সরকারি চাকুরীর আবেদন ফরমে (সংযুক্ত-ক) আগামী ১২/১২/২০২১ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ,নাগরিক সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ০২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি এবং প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, সংযুক্ত করেদ দাখিল করতে হবে।
- দরখাস্তকারী যে ইউনিয়নের এবং যে ওয়ার্ডের বাসিন্দা তার জন্য সে ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য প্রার্থীতা বহাল থাকবে এবং তার নিয়োগ কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে।


৪. সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী প্রার্থী না থাকলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে আবেদন গ্রহন করা যাবে।
৫. এই নিয়োগ কার্যক্রম স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ এর আলোকে বাস্তবায়িত হবে।
৬. দফাদার/মহল্লাদারের ইউপি অংশের বেতন নীতিমালা মোতাবেক ইউপি স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% আয় হতে প্রদান করা হয়ে থাকে। উক্ত আয় যতটুকু পরিমাণে না হলে সাময়িক ভাবে ইউপি অংশের বেতন বন্ধ থাকতে পারে।
৭. অসত্য/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।
৮. মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ড হইতে অগ্রাধিকার প্রদান করা হবে।
৯. গ্রাম পুলিশের শূন্যপদে লোক নিয়োগের এই বিধিমালার বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসর প্রাপ্ত মহল্লাদারের পুত্র কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
১০. দফাদার পদে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের মহল্লাদারের মধ্যে হতে তাদের কর্মভংগরতা, সততা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হইতে চাকুরী সন্তোষজনক প্রত্যয়ন দাখিল করতে হবে।
১১. বিজ্ঞপ্তির কপি উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব সাইটে পাওয়া যাবে।
১২. আবেদনকারী আগামী ২০/১২/২০২১ খ্রি:তারিখ সকাল ১০.০০ ঘটিকায় (সম্ভাব্য তারিখ) নিয়োগ পরীক্ষা/স্বাক্ষাৎকারে অংশ গ্রহন করতে হবে। তারিখ পরিবর্তন হলে প্রার্থীকে মোবাইল ফোন/এসএমএসে অবহিত করা হবে। উল্লেখ্য যে, অংশ গ্রহনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র গ্রহন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেনা।


 (মোঃ আল-মুন্সীর হোসেন)
 উপজেলা নির্বাহী অফিসার
 শাল্লা, সুনামগঞ্জ।

shalla.uno@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক সুনামগঞ্জ।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
৪. অফিসার ইনচার্জ, শাল্লা থানা-সুনামগঞ্জ।
৫. উপজেলা.....অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান, আটগাঁও ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ।
৭. সচিব, আটগাঁও ইউনিয়ন পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
৮. টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ।। তাঁকে বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটের নোটিশ/বিজ্ঞপ্তিতে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৯. নোটিশ বোর্ড।
১০. অফিস কপি/মাষ্টার কপি।


 (মোঃ আল-মুন্সীর হোসেন)
 উপজেলা নির্বাহী অফিসার
 শাল্লা, সুনামগঞ্জ।